মুজিবনগর থানা পুলিশের অভিযানে ৭ গ্রাম হেরোইনসহ ২ জন আটক

পৃথক দুটি অভিযান চালিয়ে ৭ গ্রাম হেরোইনসহ দুই ব্যক্তিকে আটক করেছেন মুজিবনগর থানা পুলিশ।

এরা হলেন, মুজিবনগর উপজেলার মোনাখালি গ্রামের জাকিরুল ইসলাম ওরফে জাকিরের ছেলে নাহিদ হোসেন (২৬) ও একই উপজেলার আনন্দবাস গ্রামের খোদা বকসের ছেলে স্টেু বিশ্বাস (৪৭)।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, রবিবার সন্ধ্যার দিকে মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) উত্তম কুমারের নেতৃত্বে পুলিশের একটি ইউনিট আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে ৩ গ্রাম হেরোইনসহ সেন্টু বিশ্বাসকে আটক করেন। এছাড়া মুজিবনগর থানার এসআই ইসরাফির হোসেনের নেতৃত্বে অপর একটি অভিযানে মোনাখালি গ্রামের জাকিরুল ইসলাম ওরফে জাকিরের ছেলে নাহিদ হোসেনকে ৪ গ্রাম হেরোইনসহ আটক করেন।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণীর ৮(ক) ধারায় পৃথক দুটি নিয়মিত মামলা দিয়ে আজ সোমবার (৪ জুলাই) আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরের শোলমারীর সাইফুল গ্রীসে স্ট্রোক করে মারা গেছেন

সংসারের স্বচ্ছলতা ফেরাতে সাইফুল ইসলাম প্রায় ৭ বছর আগে পাড়ি জমিয়েছিলেন গ্রীসে। সংসারের স্বচ্ছলতা ফেরাতে পারলেও সাইফুল ইসলাম আর ফিরে আসতে পারলেন স্ত্রী সন্তান আর বাবা মায়ে বুকে।

সারাদিন কাজ শেষে হোস্টেলে ফিরেই ঢুলে পড়েন মৃত্যুর কোলে।

মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের সাইফুল ইসলাম (৪৫) গ্রীস প্রবাসী স্ট্রোক করে মারা গেছেন। ইন্না লিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন।

সাইফুল ইসলাম সদর উপজেলার শোলমারী গ্রামের নতুনপাড়া এলাকার সামছুল ইসলামের ছেলে। সে দুই সন্তানের জনক।
রবিবার দিবাগত রাত বাংলাদেশ সময় আনুমানিক দেড় টার দিকে মারা যান তিনি।

সাইফুল ইসলামের ফুঁপাতো ভাই মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য ইমতিয়াজ হোসেন মিরন এ তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, সাইফুল ইসলাম দেশে থাকাবস্থায় চাষ আবাদ করতেন। সংসারের উন্নতি করতেই বিদেশ গেছিলেন তিনি।
তার মরদেহ দেশে আনার প্রক্রিয়া চলছে বলে জানান ইমতিয়াজ হোসেন মিরন।

মেহেরপুরের শ্রমিক ও প্রতিবেশী সংঘর্ষে উভয় পক্ষের ৮জন আহত

মেহেরপুর শহরের তাঁতীপাড়া দাখিল মাদ্রাসায় চারতলা ভবন নির্মাণে নিরাপত্তা ব্যবস্থা না করার প্রতিবাদ করায় নির্মাণ শ্রমিক ও প্রতিবাদকারীদের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষের ৮ জন আহত হয়েছে।

গতকাল রবিবার দুপুর ১টার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় মুক্তিযোদ্ধার মেয়ে রিক্তা খাতুন ও বড় মেয়ের ছেলে ইডেন আরাফাত জেহাদ (২০) আহত হয়েছে। এতে আরাফাতের মাথায় ৮টি সেলাই হয়েছে। এদিকে এ ঘটনায় উত্তেজিত হয়ে স্থানীয়রা নির্মাণ শ্রমিকদের গণপিটুনি দিয়েছে। এতে ৬ শ্রমিক গুরতর আহত হয়েছে। খবর পেয়ে ঠিকাদার সালেহ উদ্দিন আবলু ঘটনাস্থলে গেলে তিনিও তোপের মুখে পড়েন । পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয় কাজ বন্ধ রাখার

নির্দেশ দেয়।

স্থানীয়রা জানান, দুই বছর ধরে মেহেরপুর শহরের তাঁতীপাড়া দাখিল মাদ্রাসায় চার তলা একাডেমিক ভবনের কাজ শুরু হয়। কাজটি করছেন ঠিকাদার সালেহ উদ্দিন আবলু। কাজ শুরু হওয়ার পর থেকে আশেপাশের বসতিরা নিরাপত্তা ব্যবস্থা করার দাবি করে। তবে ঠিকাদার তাদের দাবি না শুনে নির্মান কাজ চালিয়ে যাচ্ছেন।

মুক্তিযোদ্ধা শওকত হোসেনের স্ত্রী ময়না খাতুন জানান, ঘটনার সময় তিনি রান্না ঘরে রান্না করছিলেন। এসময় উপর থেকে একটি রডের টুকরো রান্না ঘরের টিন ফুটো করে তার পাশে পড়ে। এতে ক্ষুব্ধ হয়ে তার নাতি আরাফাত হোসেন ওই রডটি নিয়ে প্রতিবাদ করতে যায়।

এসময় সামিউলসহ কয়েকজন নির্মাণ শ্রমিক হাতে থাকা বেলচা দিয়ে আরাফাতকে এলোপাতাড়ি পেটাতে থাকে। এতে তার মাথা ও হাতে আঘাত লাগে। এসময় তার চিৎকারে পরিবার ও আশেপাশের লোকজন ছুটে গিয়ে তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

তিনি আরো জানান, মাঝে মধ্যে ইট, বালি ও রডের টুকরা পড়ে। যেকারণে আমরা সেখানে কিছু দেওয়ার কথা বলি যাতে কিছু না পড়ে। কিন্তু সেটা না দেওয়ায় একটুর জন্য আজ আমি বেঁচে যায়। ঠিকাদারকে বললে তিনি শুধু হুমকি দেন। মাদ্রাসার প্রিন্সিপালকে বারবার বলেও কোন লাভ হয়নি।

৩ নম্বর ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি বলেন, কাজ শুরু হওয়ার পর থেকে আমি বেশ কয়েকবার ঠিকাদারকে বলেছি ভবনের পাশে নিরাপত্তা ব্যবস্থা করার জন্য। তিনি কোন গুরত্ব দেননি। যে কারণে আজকের এই পরিস্থিতি তৈরি হয়েছে। যেটা ঠিকাদার মোটেও ঠিক করেননি।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোস্তাকিন আহমদে বলেন, ভবন নির্মাণে নিরাপত্তা ব্যবস্থা করার জন্য কোন বরাদ্দ নেই। তবে ঠিকাদার পরিবেশ বুঝে নিরাপত্তা ব্যবস্থা করে কাজ করতে পারতেন।

মেহেরপুর তাঁতীপাড়া মহিলা দাখিল মাদ্রাসার সুপার রুহুল আমিনকে কয়েকবার ফোন করলেও তিনি ফোন রিসিভ করেননি।

মাদ্রাসার অফিস সহকারী গিয়াস উদ্দিন জানান, রড পড়েছে কি না জানিনা। তবে মিস্ত্রিরা ওই সময় প্লাস্টারের কাজ করছিলেন।

তবে কাজের দায়িত্বপ্রাপ্ত শ্রমিক আনারুল ইসলাম বলেন, আমরা কোন রডের কাজ করিনি। ২য় তলায় প্লাস্টারের কাজ করছিলাম। কিন্তু তারা রড ফেলেছি বলে এসে আমাদের সাথে ঝগড়া বাধিয়ে দেয়। এসময় ধাক্কাধাক্কিতে ওই ছেলেটার মাথা ফেটে যায়। তারপর তারা লোকজন ডেকে নিয়ে এসে আমাদের মিস্ত্রিদের বেধড়ক পিটিয়েছে। এতে কয়েকজন গুরতর জখম হয়েছে।

ঠিকাদার সালেহ উদ্দিন আবলু বলেন, কাজ শুরু হওয়ার পর থেকে ওই পরিবারটি ডিস্টার্ব করছে। স্থানীয় কাউন্সিলর বাপ্পি চাঁদা চেয়ে না পেয়ে ওই পরিবারকে উস্কে দিয়ে সরকারি কাজে বাধা প্রদান করে আসছে। তিনি আরো বলেন, প্রটেকশন দেওয়ার মত কাজ এখনো শুরু হয়নি,তাই প্রটেকশন দেওয়া হয়নি।

তবে বাপ্পি কাউন্সিলরের সাথে চাঁদার ব্যাপারে ফোন করা হলে তাকে পাওয়া যায়নি।

মেহেরপুর সদর থানার ওসি জুলফিকার আলী বলেন, ওই ঘটনায় সৃষ্ঠ মারামারিতে উভয়পক্ষের কয়েকজন আহত হয়েছে। আমরা ঠিকাদারকে বলেছি নিরাপত্তা ব্যবস্থা করে কাজ চালু রাখতে। কোন পক্ষই এখনো অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১০ জন গ্রেফতার

মেহেরপুর জেলা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে নিয়মিত মামলার ৮ জন ও আদালতের পরোয়ানাভূক্ত ২ জনসহ ১০ আসামী গ্রেফতার হয়েছে।

গতকাল রবিবার (৩ জুলাই) থেকে আজ সোমবার (৪ জুলাই)ভোর রাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পৃথক পৃথক আভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করেন পুলিশ। মেহেরপুর পুলিশের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলায় মুজিবনগর থানা পুলিশ ৫

আসামী, সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ২ ও আদালতের পরোয়ানাভূক্ত ২ জনসহ ৪, গাংনী থানা পুলিশ ১ আসামী গ্রেফতার করেছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুলফিকার আলী,মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এসব অভিযানে নেতৃত্ব দেন।

এসময় , সদর থানায় ৪ টি, মুজিবনগর থানায় ৩ টি ও গাংনী থানায় ২ টি মামলা এফআইআরভুক্ত হয়েছে। গ্রেফতারকৃদের আজ সোমবার (৪ জুলাই) আদালতের মাধ্যমে মেহেরপুর জেলা হাজতে প্রেরণ করা হয়েছে।

বেগমপুরে গলায় ফাঁস দিয়ে এক নারীর আত্মহত্যা

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের যদুপুর গ্রামে আয়েশা বেগম (৫৫) নামে মধ্যবয়সী এক মহিলা ঘরের আড়ার সাথে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করছে। আয়েশা বেগম যদুপুর গ্রামের তোফাজ্জেল হোসেনের স্ত্রী।

রবিবার বেলা ২ টার দিকে বাড়িতে নিজ ঘরের আড়ার সাথে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে।

তার পারিবারিক সুত্রে জানা যায় নিহত আয়েশা বেগম দীর্ঘদিন যাবৎ হাতে পায়ে সহ শরীরের বিভিন্ন স্থানে ঘা-পাঁচড়া জনিত সমস্যায় ভুগছিলেন এবং এর জ্বালা যন্ত্রণা সহ্য করতে না পারার কারণে আত্মহত্যা করে থাকতে পারে। নিহতের মা-বাবাসহ পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় লাশ পরিবাবের কাছে হস্তান্তর করেছে পুলিশ।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি এ এইচ এম লুৎফুল কবির ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন এ ব্যাপারে দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

[redacted] [redacted] [redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দর্শনায় মাটি বোঝায় ট্রাক্টরের চাকায় পিষ্ট হয়ে ৭ম শ্রেনীর ছাত্র নিহত

চুয়াডাঙ্গার দর্শনায় মাটি বোঝায় ট্রাক্টরের চাকায় পিষ্ট হয়ে মেমনগর বি ডি মাধ্যমিক বিদ্যালয়ের ৭ম শ্রেনীর ছাত্র আলামিন হোসেন লিখন (১৩) নিহত হয়েছে। লিখন দর্শনা পৌরসভার রামনগর গ্রামের আশরাফুল আলমের ছেলে।

জানাগেছে রবিবার সকাল সাড়ে ৮টার দিকে দর্শনা- মুজিবনগর সড়কের রামনগর বন্ধু টিস্টলের সামনে দিয়ে প্রাইভেট পড়ে বাড়ি ফেরার পথে এ দৃর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষসুত্রে জানা গেছে লিখন পিচ রাস্তাবাদ দিয়ে পাকা রাস্তার উপর বাইসাইকেলযোগে প্রাইভেট পড়ে বাড়ি ফিরছিলো। এ সময় মাটি বোঝায় ট্রাক্টর ড্রাইভার সবুজ তার সাইকেলের উপর সজোরে ধাক্কা দিলে ঘটনাস্থলেই নিহত হয় লিখন।

এসময় ট্রাক্টরের ড্রাইভার আকন্দবাড়ীয়া গ্রামের সবুজ পালিয়ে রক্ষা পায়। সেই সাথে লেবাররাও পালিয়ে যায়। দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে এসে ট্রাক্টরটি জব্দ করে থানায় নিয়ে আসে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি এ এইচ এম লুৎফুল কবির দৈনিক মেহেরপুর প্রতিদিনকে বলেন, আমরা ঘটনাস্থল থেকে মাটি বোঝায় ট্র্যক্টরটি জব্দ করেছি।

তবে পারিবারিক ভাবে কোন অভিযোগ না থাকায় লাশ ময়না তদন্ত ছাড়ায় পরিবারের কাছে হস্তান্তর করেছি। এ সড়ক দুর্ঘটনায় একমাত্র ছেলে লিখনকে হারিয়ে বাবা মা দিশেহারা হয়ে পড়েছে।

তাকে রামনগর গ্রামের কবরস্থানে দাফন করা হয়েছে। এ মর্মান্তিক মৃত্যর ঘটনায় পরিবারসহ গ্রাম জুড়ে শোকের ছায়া নেমে এসেছে।

কুষ্টিয়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নির্মাণ শ্রমিকের মৃত্যু

কুষ্টিয়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আবু বক্কর (৩৮) নামে এক নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে। গতকাল রবিবার বিকেলে শহরের পাঁচ রাস্তা মোড় এলাকায় একটি ভবনে কাজ করার সময় এ ঘটনা ঘটে।

নিহত নির্মাণ শ্রমিকের নাম আবু বক্কর। সে কুমারখালী উপজেলার চাঁপড়া ইউনিয়নের ভাঁরোলা গ্রামের আলমের ছেলে। কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাব্বিরুল আলম বলেন, নিহত বক্কার একজন নির্মাণ শ্রমিক।

সকাল থেকে একটি বাড়িতে ট্যাংকির ঢালাইয়ের কাজ করছিল। বৈদ্যুতিক ভাইব্রেশন মেশিনের সাহায্যে ট্রাংকি ঢালাইয়ের কাজ করা অবস্থায় তাকে বিদ্যুৎস্পৃষ্টে হয়ে ঘটনাস্থলে মারাত্মক আহত হলে স্থানীয়রা শ্রমিকরা দ্রুত কুষ্টিয়া জেনারেল হাসপাতালে আনার পথে মারা যান। কিভাবে ভবনে বিদ্যুৎস্পৃষ্ট হল তা বিষয়টি খতিয়ে দেখছে পুলিশ।

মেহেরপুর পৌরসভার নবনির্বাচিত পরিষদের দায়িত্ব গ্রহণ ও সংবর্ধনা

মেহেরপুর পৌরসভা নবনির্বাচিত পরিষদের দায়িত্ব গ্রহণ ও মেয়র, সংরক্ষিত নারী কাউন্সিলর এবং সাধারণ কাউন্সিলরদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রবিবার সকালে মেহেরপুর পৌরসভা মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলী মুজিবুর রহমান সহকারী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল, হিসাব রক্ষক আবুল কালাম আজাদ

ফুলদিয়ে বরণ করে নেন মেহেরপুর পৌরসভার নির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটনকে।

পরে পর্যায়ক্রমে বরণ করে নেন ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর জাহাঙ্গীর আলম, ২ নাম্বার ওয়ার্ড কাউন্সিলর আল মামুন, ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ, ৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর আব্দুর রহিম, ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মোস্তাক আহমেদ, ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শাহিনুর রহমান রিটন, ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুল কবির রিপন, ৯ নাম্বার ওয়ার্ডের কাউন্সিলর সোহেল রানা ডলার, সংরক্ষিত নারী কাউন্সিলর দিল আফরোজ, শারমিনা পারভিন, রোকসানা কামাল রুনুকে।

পরে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক মোঃ গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, মেয়র পত্মী আরিফা রহমান, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান ।

গাংনীর সাহারবাটি গ্রামে দুটি মোটরসাইকেলের সংঘর্ষে আহত ১

গাংনী-কাথুলি সড়কের সাহারবাটি নাম স্থানে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ডাবলু হোসেন (৩৫) নামের একজন মারাত্বক আহত হয়েছেন। আহত ডাবলু হোসেন গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের নাসির উদ্দীনের ছেলে।

আজ রবিবার (৩ জুলাই) দুপুরের দিকে সাহারবাটি গ্রামে এ দূর্ঘটনাটি ঘটে।

আহত ডাবলু গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

আহত ডাবলু জানান, মোটরসাইকেল যোগে সাহারবাটি চারচারা মোড়ের দিকে যাওয়ার সময় বিপরিত দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের সাথে মুখোমুখি ধাক্কা লেগে আমি রাস্তার উপর পড়ে যায়। এতে ডাবলুর মুখে এবং হাতে গুরুতর আঘাত লাগে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারী মেডিকেল অফিসার (স্যাকমো) তানভীর বলেন ডাবলুকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।